

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য মন্ত্রণালয়
তথ্য ও গণযোগাযোগ-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moi.gov.bd

নম্বর: ১৫.০০.০০০০.০২৫.১২.১৪৯.১৫- ০৬

তারিখ: ২১ পৌষ ১৪২৪
০৪ জানুয়ারি ২০১৮**প্রজ্ঞাপন**

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ২৭-১২-২০১৭ তারিখের চ০.১০২.০১২.০০.০০.০২২.২০১০-৩৯৩ নম্বর পত্রে প্রদত্ত সুপারিশের পরিপ্রেক্ষিতে দ্বিতীয় শ্রেণির নিম্নবর্ণিত কর্মকর্তাকে বিসিএস (তথ্য-সাধারণ) ক্যাডারের প্রবেশ পদে (৩ নং কলামে উল্লেখকৃত পদ) টাঃ ২২,০০০-৫৩,০৬০/- বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর নবম গ্রেড) ২নং অনুচ্ছেদে বর্ণিত শর্তে পদোন্নতি প্রদান পূর্বক তাঁর নামের পাশে ৪ নম্বর কলামে বর্ণিত পদ ও দপ্তরে নিয়োগ/পদায়ন করা হলো:

ক্র: নং	নাম, বর্তমান পদবি ও কর্মস্থল	পদোন্নতিপ্রাপ্ত পদের নাম	পদায়নকৃত পদ ও দপ্তর
১	২	৩	৪
১।	জনাব মো: আবুবকর সিদ্দীক সহকারী তথ্য অফিসার (তথ্য অফিসারের চলতি দায়িত্বে) জেলা তথ্য অফিস, ঝিনাইদহ।	তথ্য অফিসার/সহকারী পরিচালক/গবেষণা কর্মকর্তা/ফিচার রাইটার/বিজ্ঞাপন কর্মকর্তা/ তথ্য ও ডকুমেন্টেশন অফিসার।	তথ্য অফিসার জেলা তথ্য অফিস ঝিনাইদহ।

০২। পদোন্নতির শর্তাবলী:

- (ক) পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তা বাংলাদেশ সিভিল সার্ভিস নিয়োগ বিধিমালা, ১৯৮১ এর বিধি ৬ মোতাবেক ১(এক) বছর শিক্ষানবিস থাকবেন। শিক্ষানবিসকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার জন্য অযোগ্য বিবেচিত হন, তাহলে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সাথে পরামর্শ ছাড়াই তাকে পদোন্নতির পূর্বের পদে রিভার্ট করা হবে;
- (খ) একই বিধিমালায় বিধি-৭ মোতাবেক তাকে বুনিয়াদি ও পেশাভিত্তিক প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হবে; এবং
- (গ) পদোন্নতিপ্রাপ্ত কোন কর্মকর্তা বুনিয়াদি ও পেশাভিত্তিক প্রশিক্ষণ সাফল্যজনকভাবে সমাপ্ত না করলে, সরকার নির্ধারিত বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ না হলে, শিক্ষানবিসকাল সমাপ্ত না করলে বা তাঁর আচরণ ও কর্ম সন্তোষজনক না হলে তাকে চাকরিতে স্থায়ী করা হবেনা।

০৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বা:-

(এস, এম, মাহফুজুল হক)

উপসচিব

ফোন: ৯৫৫০৮৪৮

sas.masscom1@moi.gov.bd

নম্বর: ১৫.০০.০০০০.০২৫.১২.১৪৯.১৫- ০৬ (২)

তারিখ: ২১ পৌষ ১৪২৪
০৪ জানুয়ারি ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
- ২। মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, তথ্য মন্ত্রণালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ঝিনাইদহ।
- ৭। জনাব মো: আবুবকর সিদ্দীক, সহকারী তথ্য অফিসার (তথ্য অফিসারের চলতি দায়িত্বে), জেলা তথ্য অফিস, ঝিনাইদহ।
- ৮। সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যক্তিগত নথি।
- ৯। অফিস কপি।

(এস, এম, মাহফুজুল হক)
উপসচিব